

বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়্যেল মার্চেন্টস এসোসিয়েশন

১৩/১, ১৪ হাজী ওসমান গনি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা-১০০০। ফোন : ২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA.apps on Google Play

নির্বাচন বোর্ড ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং

ডাকযোগে প্রেরণে সতর্কিত

তারিখ: ০৩/১০/২০২৬ইং।

নির্বাচন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধি-২০২৫ এবং এসোসিয়েশনের সংঘ-স্মারক ও সংঘ-বিধি মোতাবেক বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়্যেল মার্চেন্টস এসোসিয়েশন এর কার্যনির্বাহী পরিষদের দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং আগামী ২৬শে ডিসেম্বর ২০২৬ইং রোজ-শনিবার সংযুক্ত নির্বাচন তফসিল (সংযোজনী-১) অনুযায়ী অনুষ্ঠিত হবে।

নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী

- ১। নির্বাচন তফসিলে বর্ণিত তারিখের পূর্ববর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে এসোসিয়েশনের সদস্য হইয়াছেন বা নির্বাচন তারিখের পূর্ববর্তী ৬০তম দিন পর্যন্ত প্রাপ্য চাঁদা বকেয়া রাখিয়াছেন এমন কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না। বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়্যেল মার্চেন্টস এসোসিয়েশনের আসন্ন দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং)-এ ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যকরনীয়-
 - ক) সংশ্লিষ্ট কোম্পানী/ফার্মের হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (৩০ জুন ২০২৭ পর্যন্ত);
 - খ) হালনাগাদ আয়কর সনদ/রিটার্ন জমা রাখিদের ফটোকপি দাখিল করতে হবে (Assessment Year 2025-2026)।
 - গ) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে উহার পরিচালনা পরিষদ কর্তৃক প্রতিনিধি (কোম্পানীর শেয়ার হোল্ডার হতে হবে) মনোনয়নের রেজুলেশনের মূলকপি; অংশীদারি কারবারের ক্ষেত্রে অংশীদারদের দ্বারা মনোনীত প্রতিনিধির মনোনয়নপত্র, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে মালিকই প্রতিনিধি হবেন।
 - ঘ) সংশ্লিষ্ট প্রতিনিধির সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।
 - ঙ) সংঘবিধি অনুযায়ী সদস্য নবায়ণ ফি পরিশোধের রশিদ (চাঁদা পরিশোধের রশিদ ৩১শে ডিসেম্বর ২০২৬ইং পর্যন্ত পরিশোধিত)।
 - চ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
 - ছ) ডিজিটিং কার্ড মোবাইল নাম্বার সম্বলিত (হোয়াটসঅ্যাপ সহ)।
- ২। প্রাথমিক ভোটার তালিকায় কাহারও নাম অন্তর্ভুক্তি বা সংশোধন বা উহা হইতে বাদ দেয়ার প্রয়োজন হইলে নির্বাচন তফসিলে বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাইতে হইবে।
- ৩। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি নাই এমন কোন সদস্য কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে প্রার্থী, প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবেন না।
- ৪। ২,০০০/- (দুই হাজার) টাকার বিনিময়ে প্রাথমিক ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।
- ৫। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর থেকে মনোনয়ন ফি প্রদান পূর্বক মনোনয়নপত্র সংগ্রহ করা যাইবে। নির্বাচনে অগ্রহী প্রার্থীগণ নিম্নবর্ণিত কাগজপত্রসহ সঠিকভাবে পূরণকৃত মনোনয়নপত্র তফসিল বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট দাখিল করিবেন।
 - ক) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে স্বাক্ষরলাপী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র।
 - খ) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে কর, ভ্যাট, গুজ হালনাগাদ পরিশোধ কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও গুজ পরিশোধের মূল সনদপত্র।
 - গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া কারাদণ্ডে দণ্ডিত কিনা এবং তাহার মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হইয়াছে কিনা সে বিষয়ে পুলিশ ক্রিম্যারেলের মূল সনদ।
 - ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- (বিজ্ঞপ্তি-বাংলাদেশ ব্যাংক কর্তৃক সিআইবি প্রতিবেদন ও পুলিশ ক্রিম্যারেল প্রতিবেদন নির্বাচন বোর্ড কর্তৃক সংগ্রহ করা হইবে।)
- ৬। কার্যনির্বাহী পরিষদের সভাপতি পদে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, সাধারণ সম্পাদক পদে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা, সিনিয়র সহ-সভাপতি পদে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা, সহ-সভাপতি পদে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা, কোষাধ্যক্ষ পদে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা, যুগ্ম সাধারণ সম্পাদক-১ পদে ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, যুগ্ম সাধারণ সম্পাদক-২ পদে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, প্রচার সম্পাদক পদে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং পরিচালক পদে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদান করতঃ মনোনয়নপত্র সংগ্রহ করিতে হইবে। প্রতি প্রার্থীকে মনোনয়নপত্র গ্রহণের সময় চূড়ান্ত ভোটার তালিকা বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা বাধ্যতামূলক প্রদান করিতে হইবে। মনোনয়নপত্র জমা দেয়ার সময় মনোনয়নপত্র ফি প্রদানের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।

বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়্যেল মার্চেন্টস এসোসিয়েশন

১৩/১, ১৪ হাজী ওসমান পথি রোড (খালেদা টাওয়ার ওয় তলা), ঢাকা-১০০০। ফোনঃ ২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA.apps on Google Play

নির্বাচন বোর্ড ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং

প্রাক্কল্পিত প্রথম সভা



সংসদীয়া/নির্বাচন/২০২৭-২০২৮/০১

তারিখঃ ০৩/১০/২০২৬ইং।

হাড়া প্রার্থী মনোনয়নপত্র কোন কারণে হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে নির্বাচন বোর্ড বরাবর আবেদনের সাথে ২,০০০/- (দুই হাজার) টাকা পরিশোধপূর্বক ডুপ্লিকেট মনোনয়ন পত্র সংগ্রহ করা যাইবে।

- ৭। নির্বাচনী আচরণ বিধি মধ্যযথভাবে প্রতিপালন করিবেন মর্মে প্রার্থীগণকে নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত মনোনয়নপত্রের সাথে "নোটারী পাবলিক" কর্তৃক সত্যায়িত ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প-এ স্বাক্ষরিত ঘোষণা পত্র প্রদান করিতে হইবে।
- ৮। মনোনয়নপত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা তার প্রতিনিধি, প্রস্তাবকারী ও সমর্থনকারী উপস্থিত থাকিতে পারিবেন।
- ৯। নির্বাচন বোর্ড কারো মনোনয়নপত্র বাতিল করিলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর নির্বাচনী তফসিল বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন।
- ১০। প্রাথমিক প্রার্থী তালিকা, যাহা ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB) প্রতিবেদন এবং পুলিশ ক্রিম্যারেল প্রতিবেদন সাপেক্ষে বিবেচিত হইবে। তবে প্রাথমিক প্রার্থী তালিকাভুক্ত প্রার্থীদের মধ্যে কোন প্রার্থীর ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (CIB) প্রতিবেদন এবং পুলিশ ক্রিম্যারেল প্রতিবেদনে যদি কোন বিরূপ মন্তব্য (Adverse remarks) পাওয়া যায়, সেক্ষেত্রে উক্ত প্রার্থীর প্রার্থীতা পূর্ব কোনো বিজ্ঞপ্তি ছাড়াই বাতিল করা হইবে (নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে)।
- ১১। বৈধভাবে মনোনীত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর কোন প্রার্থী তাহার প্রার্থীপদ প্রত্যাহার করিতে চাহিলে নির্বাচন বোর্ডের নিকট স্ব-শরীরে উপস্থিত হইয়া 'নোটারী পাবলিক' কর্তৃক সত্যায়িত লিখিত আবেদন দাখিল করিতে হইবে।
- ১২। নির্বাচনে ভোট দানের অধিকারী সদস্যগণ স্ব-শরীরে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন। প্রক্সির মাধ্যমে কোন ভোট প্রদান করা যাইবে না।
- ১৩। ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকিলে ফলাফল প্রকাশের পর নির্বাচনী তফসিল বর্ণিত সময়ের মধ্যে আপিল বোর্ডের নিকট আপিল কি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা পরিশোধ সাপেক্ষে লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন।
- ১৪। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে এবং উপস্থিত প্রত্যেক ভোটার প্রত্যেক পদের জন্য একটি ভোট প্রয়োগের অধিকারী হইবেন। নির্বাচন বোর্ড প্রদত্ত ছবি সম্বলিত ভোটার পরিচয়পত্র প্রদর্শন পূর্বক ব্যালট পেপারের নির্ধারিত ঘরে ক্রস [X] চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করিবেন।
- ১৫। কার্যনির্বাহী পরিষদে কোন ব্যক্তি পরপর ০২ (দুই) মেয়াদ শেষে অনূন্য ০১ (এক)টি নির্বাচনে অংশগ্রহণ না করিয়া পরবর্তী নির্বাচনে অংশগ্রহণ করতে পারিবেন।
- ১৬। কার্যনির্বাহী পরিষদের সর্বমোট ২১টি পদে নির্বাচন সম্পন্ন হইবে। সভাপতি-১টি, সিনিয়র সহ-সভাপতি-১টি, সহ-সভাপতি-১টি, সাধারণ সম্পাদক-১টি, যুগ্ম সাধারণ সম্পাদক-২টি, কোষাধ্যক্ষ-১টি, প্রচার সম্পাদক-১টি এবং পরিচালক-১৩টি পদ।
- ১৭। কোন পদে যদি একাধিক প্রার্থী সমান সংখ্যক ভোট প্রাপ্ত হন, নির্বাচন বোর্ড লটারীর মাধ্যমে তাহা নিষ্পত্তি করিবেন।
- ১৮। নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিজ্ঞপ্তি/নোটিশ এসোসিয়েশনের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে।
- ১৯। নির্বাচন তফসিলে বর্ণিত কোন বিষয়ের তারিখে যে কোন কারণে বন্ধ থাকিলে বা সরকারী ছুটি থাকিলে পরবর্তী দিন তফসিলের কর্মদিবস বলিয়া গণ্য হইবে।
- ২০। নির্বাচন বোর্ড সচিবালয়ের সময়সূচী শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (দুপুর ১:১৫ মিঃ হতে ২:০০ মিঃ পর্যন্ত জোহরের নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি)। শুক্রবার সাপ্তাহিক ছুটি, তবে বিশেষ কর্মসূচী থাকলে যেকোন বন্ধ দিবসে অফিস খোলা রাখা হইবে।
- ২১। নির্বাচনের সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধি ১৯৯৪, এসোসিয়েশনের সংবিধি এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী পরিচালিত হইবে।

নির্বাচন আচরণ বিধি

- ১) নির্বাচনী তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার বিরুদ্ধে প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে, যথাঃ-
 - (ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, স্টীকার, চিহ্ন অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।
 - (খ) মিছিল করা, প্রোগান দেওয়া এবং মাইক ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।
 - (গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালা A4 সাইজের প্রচারপত্র প্রেরণ করা যাইবে, কোন বকম উপটৌকন প্রেরণ করা যাইবে না।

০২



বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস এসোসিয়েশন

১৩/১, ১৪ হাজী ওসমান পণি রোড (খালেদা টাওয়ার ওয় ভলা), ঢাকা-১০০০। ফোন : ২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA apps on Google Play

নির্বাচন বোর্ড ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং

উকযোগে প্রেরণে সত্যাকিত

নির্বাচন বোর্ড/নির্বাচন/২০২৭-২০২৮/০১

তারিখঃ ০৩/১০/২০২৬ইং।

- (১) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্টোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।
- (২) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে সকল প্রার্থী ও সদস্যদের নিয়ে পরিচিতি সভার আয়োজন করা যাইবে। তবে শর্ত থাকে যে, প্রার্থী পরিচিতি সভার ব্যয় সকল প্রার্থীগণ বহন করিবেন।
- (৩) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘণ্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।
- (৪) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।
- (৫) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবে না।
- ২) নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না।
- ৩) এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লঙ্ঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপিল বোর্ডের নিকট সাথে সাথে আপিল দায়ের করিবে। দফা (১) এ বর্ণিত আচরণ বিধি লঙ্ঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপিল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপিল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপিল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় বিজ্ঞপ্তি/নোটিশ সংশ্লিষ্ট পক্ষ থেকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হইবে। নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ বিজ্ঞপ্তি/নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী গ্রহণ শেষে আপিল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ৪) নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন আপিল বোর্ড, নির্বাচন কর্মকর্তা, নির্বাচন পর্যবেক্ষক, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচন প্রার্থী এবং ভোট দানের জন্য আগত ভোটার ব্যতীত অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।
- ৫) ভোটদানে ব্যালটে ক্রস [X] চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে একসঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।
- ৬) ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লঙ্ঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হইতে বিতারিত করিতে পারিবেন।
- ৭) নির্ধারিত নির্বাচনী বিধি প্রার্থী ও ভোটার কর্তৃক নির্বাচনে যথাযথভাবে অনুসরণ করা হইতেছে কিনা তা পর্যবেক্ষণের জন্য নির্বাচন বোর্ড ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করিতে পারিবেন।
- ৮) নির্বাচনে প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।
- ৯) কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।
- ১০) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়াছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণ বিধি লঙ্ঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।
- ১১) নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি/অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।
- ১২) নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ স্বত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া দফা (৩) এ বর্ণিত বিধান পূর্বক তাহার প্রার্থীপদ বাতিল করা যাইবে।

বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়্যেল মার্চেন্টস এসোসিয়েশন

১৩/১, ১৪ হাজী ওসমান পনি রোড (খালোটা টাওয়ার ৩য় তলা), ঢাকা-১০০০। ফোন : ২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA apps on Google Play

নির্বাচন বোর্ড ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং

উপস্থাপন প্রক্রিয়া পত্রিকা

তারিখঃ ০৩/১০/২০২৬ইং।



নির্বাচন বোর্ড/নির্বাচন/২০২৭-২০২৮/০১

নির্বাচন বোর্ড ব্যালট পেপার নির্ধারণ করিবে। ব্যালট পেপারের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।

- ১৪) ভোটার তালিকায় ভোটার নাম, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, মোবাইল নাম্বার এবং টি.আই.এন নাম্বার উল্লেখ করিতে হইবে। নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার শনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে অথবা স্বাক্ষরের গরমিল হইলে ভোট প্রদান করা যাইবে না। পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার শনাক্ত করা হইলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নাম্বার লিপিবদ্ধ করিয়া ব্যালট পেপারের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথভাবে পূরণ করতঃ ব্যালট পেপারের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করিবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পেপার নাম্বার লিপিবদ্ধ করিয়া ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করিবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পেপার প্রদান করা যাইবে না।
- ১৫) শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচনী কর্মকর্তাদের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কর্তৃক উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করা হইবে।
- ১৬) ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড প্রার্থীগণের (যাহারা উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধান পূর্বক ব্যালট বাস্তবীকৃত বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে ব্যালট বাস্তবীকৃত স্থাপন করিবেন।
- ১৭) একটি ব্যালট বাস্তবীকৃত পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাস্তবীকৃত সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাস্তবীকৃত ভোট গ্রহণ করিবেন।
- ১৮) নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র বিশেষ প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাস্তবীকৃত সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক পুনরায় আত্মকৃত না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।
- ১৯) নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।
- ২০) দফা (১৮) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের অনুমতিক্রমে তাহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।
- ২১) নির্বাচন বোর্ড গণনার উদ্দেশ্যে ব্যালট বাস্তবীকৃত হইতে ব্যালট পেপার বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবেন। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পেপার বাস্তবীকৃত বলিয়া গণ্য হইবে, যথা :-
 - (ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে;
 - (খ) ব্যালট পেপারে প্রতিটি পদের জন্য ১টি ভোট প্রদান করিতে হইবে। একই পদের জন্য একাধিক ভোট প্রদান করিলে সে পদের ভোটটি বাস্তবীকৃত হইয়া যাইবে।
 - (গ) ব্যালট পেপার কাটাকাটি, গুভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পেপারের নির্দেশনাবলী লঙ্ঘন করিয়া পূরণকৃত ব্যালট পেপারটি বাস্তবীকৃত বলিয়া গণ্য হইবে।

গাজী আমাল উদ্দিন
সদস্য, নির্বাচন বোর্ড

বাণাটমাঃ নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯

মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড

বাণাটমাঃ নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯

মোঃ মাহবুবুর রহমান মনা
সদস্য, নির্বাচন বোর্ড

বাণাটমাঃ নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯



বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস এসোসিয়েশন

১৩/১, ১৪ হাজী ওসমান গনি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা-১০০০। ফোন : ২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA.apps on Google Play

নির্বাচন বোর্ড ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং

সংযোজনী-১

ডাকযোগে প্রেরণে সত্যায়িত



সূত্র বাণিজ্যিক/নির্বাচন/২০২৭-২০২৮/০১

তারিখঃ ০৩/১০/২০২৬ইং।

ঃ নির্বাচনী তফসিল ঃ

২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদের জন্য বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়েল মার্চেন্টস এসোসিয়েশন এর কার্যনির্বাহী পরিষদের নির্বাচনী তফসিল ঃ-

ক্র.সং.	বিবরণ	তারিখ ও সময়
১।	ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য সদস্যদের বার্ষিক চাঁদা ২০২৬ইং বকেয়া সহ এসোসিয়েশনের সকল প্রকার পাওনা পরিশোধের সর্বশেষ তারিখ ও সময় :	২৭শে অক্টোবর ২০২৬, মঙ্গলবার বিকাল ৪ ঘটিকা পর্যন্ত
২।	মূলকপি প্রদর্শন পূর্বক হালনাগাদ ট্রেড লাইসেন্স ফটোকপি, হালনাগাদ আয়কর সনদসহ পরিশোধিত প্রাপ্তি স্বীকারপত্রের ফটোকপি, এসোসিয়েশনের চাঁদা পরিশোধের রশিদের কপি এবং দুই কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, ও মোবাইল নাম্বার (হোয়াটঅ্যাপ সহ) সম্বলিত ডিজিটাল কার্ড জমা দানের সর্বশেষ তারিখ ও সময় :	২৯শে অক্টোবর ২০২৬, বৃহস্পতিবার বিকাল ৪ ঘটিকা পর্যন্ত
৩।	প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় :	৩রা নভেম্বর ২০২৬, মঙ্গলবার বিকাল ৪ ঘটিকায়
৪।	প্রাথমিক ভোটার তালিকার উপর আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময় :	৭ই নভেম্বর ২০২৬, শনিবার বিকাল ৪ ঘটিকা পর্যন্ত
৫।	আপিল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার উপর দাখিলকৃত আপত্তির গুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান :	১০ই নভেম্বর ২০২৬, মঙ্গলবার সকাল ১১টা হতে বিকাল ৩ ঘটিকা পর্যন্ত
৬।	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময় :	১২ই নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার বিকাল ৪ ঘটিকায়
৭।	নির্বাচনে কার্যনির্বাহী পরিষদের সকল পদের জন্য মনোনয়নপত্র সংগ্রহের সর্বশেষ তারিখ ও সময় :	১২ই নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার থেকে ১৭ই নভেম্বর ২০২৬, মঙ্গলবার বেলা ০৪ ঘটিকা পর্যন্ত
৮।	নির্বাচনে কার্যনির্বাহী পরিষদের সকল পদের মনোনয়নপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় :	১৮ই নভেম্বর ২০২৬, বুধবার বেলা ০১ ঘটিকা পর্যন্ত
৯।	মনোনয়নপত্র যাচাই-বাহাই ও বৈধভাবে মনোনীত প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ ও সময় :	২৬শে নভেম্বর ২০২৬, বৃহস্পতিবার
১০।	মনোনয়নপত্র বাতিল সম্পর্কে আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময় :	২৯শে নভেম্বর ২০২৬, রবিবার বিকাল ০৪ ঘটিকায় পর্যন্ত
১১।	মনোনয়নপত্র বাতিল সম্পর্কিত দাখিলকৃত আপত্তির উপর আপিল বোর্ডের গুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান :	২রা ডিসেম্বর ২০২৬, বুধবার সকাল ১১ ঘটিকায়
১২।	বৈধভাবে মনোনীত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ ও সময় :	২রা ডিসেম্বর ২০২৬, বুধবার বিকাল ০৪ ঘটিকায়
১৩।	প্রার্থীপদ প্রত্যাহারের সর্বশেষ তারিখ ও সময় :	৬ই ডিসেম্বর ২০২৬, রবিবার বেলা ০১ ঘটিকায় পর্যন্ত
১৪।	চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের তারিখ ও সময় :	৬ই ডিসেম্বর ২০২৬, রবিবার বিকাল ০৪ ঘটিকায়
১৬।	ভোট গ্রহণ শেষে ভোট গণনা ও ফলাফল প্রকাশের তারিখ ও সময় :	২৬শে ডিসেম্বর ২০২৬, শনিবার (ভোট গণনা শেষে)

০৫

[Signature]

[Signature]

[Signature]



বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়ার্ল্ড মার্চেন্টস এসোসিয়েশন

১৩/১, ১৪ হাজী সুলমান গনি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা-১০০০। ফোন : ২২৬৬৩৭৫২৪

E-mail: bptma_bd@yahoo.com, www.bptma.com, BPTMA apps on Google Play

নির্বাচন বোর্ড ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯ইং

তাকমাতে প্রেরণে সচাযিত

তারিখঃ ০৩/১০/২০২৬ইং।

বাংলাপিপাএ/নির্বাচন/২০২৭-২০২৮/০১

ঃ নির্বাচনী তফসিল :ঃ

১৭।	নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন আপিল বোর্ডের নিকট আপত্তি দাখিলের তারিখ ও সময় :	২৭শে ডিসেম্বর ২০২৬, রবিবার বিকাল ৪ ঘটিকা পর্যন্ত
১৮।	নির্বাচন আপিল বোর্ড কর্তৃক নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে দাখিলকৃত আপত্তির শুনানি গ্রহণ ও নিষ্পত্তি :	২৮শে ডিসেম্বর ২০২৬, সোমবার বেলা ০২ ঘটিকায়
১৯।	নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল ঘোষণা :	২৮শে ডিসেম্বর ২০২৬, সোমবার বিকাল ৪ ঘটিকায়
২০।	নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে আপিল বোর্ডের নিকট নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময় :	৩১শে ডিসেম্বর ২০২৬, বৃহস্পতিবার বিকাল ৪ ঘটিকা পর্যন্ত
২১।	আপিল বোর্ড কর্তৃক নির্বাচন ফলাফলের উপর দাখিলকৃত আপত্তির শুনানি গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান :	৩রা জানুয়ারী ২০২৭, রবিবার বেলা ০২ ঘটিকায়
২২।	নির্বাচন বোর্ড কর্তৃক সংশোধিত চূড়ান্ত ফলাফল ঘোষণা (যদি সংশোধনের প্রয়োজন হয়) :	৩রা জানুয়ারী ২০২৭, রবিবার বিকাল ৪ ঘটিকায়

০২। প্রয়োজনীয় ক্ষেত্রে নির্বাচনী তফসিলের পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।

০৩। (ক) নির্বাচন আচরণ বিধি ১ (এক) কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(খ) নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে এসোসিয়েশনের কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(গ) নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্য/নির্দেশনা/বিজ্ঞপ্তি এসোসিয়েশনের নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে প্রদর্শন করা হবে।

গাজী আজাম উদ্দিন
সদস্য, নির্বাচন বোর্ড

বাংলাপিপাএ নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯

মোঃ নুরুল ইসলাম
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড

বাংলাপিপাএ নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯

মোঃ মাহবুবুর রহমান মনা
সদস্য, নির্বাচন বোর্ড

বাংলাপিপাএ নির্বাচন ২০২৭-২০২৮ ও ২০২৮-২০২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. প্রশাসক, একবিসিসিআই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।

০৩. চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড, বাংলাপিপাএ নির্বাচন ২০২৭-২০২৮ইং।

০৪. সদস্য, (ডাকযোগে প্রেরণে সত্যাযিত), বাংলাদেশ পাইপ এন্ড টিউবওয়ার্ল্ড মার্চেন্টস এসোসিয়েশন,

১৩/১, ১৪ হাজী সুলমান গনি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা।

০৫. অফিস সচিব, বাংলাপিপাএ, ১৩/১, ১৪ হাজী সুলমান গনি রোড (খালেদা টাওয়ার ৩য় তলা), ঢাকা।

০৬. নোটিশ বোর্ড।